

“মুজিববর্ষের আহ্বান
দক্ষ হয়ে বিদেশ যান”।

বাংলাদেশের
মুক্তিযুদ্ধ
Bangladesh



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস
ঢাকা রোড, নিউ মার্কেট, যশোর।
demojessore@gmail.com

স্মারক নং ৪৯.০১.৪১০০.০০১.২৩.০০২.১৬.১৭০(৫০)

তারিখঃ ৩০/০৫/২১ খ্রিঃ

বিষয়ঃ ২০২০ সালে এসএসসি/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের জন্য শিক্ষা বৃত্তি প্রদানের লক্ষ্যে আবেদন ফরম
বিতরণ ও ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

সূত্রঃ কল্যাণ বোর্ডের পত্র নং- ৪৯.০৪.০০০০.০০৫.১০.০০১.২০(১১). ১৪৪

তারিখঃ ২০/০৫/২১ খ্রিঃ


উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড হতে প্রবাসে কর্মরত/ প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০২০ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে (বিজ্ঞান বিভাগ, জিপিএ- ৫.০০ এবং মানবিক ও বাণিজ্য বিভাগ, জিপিএ- ৪.৭৫; প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর সন্তানগণের ক্ষেত্রে জিপিএ- ৪.০০) বর্তমানে ২০২০ সালে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এইসএসসি/ সমমান অথবা ডিপ্লোমা শ্রেণিতে ১ম বর্ষ/ সেমিস্টারে অধ্যয়নরত তাদের মধ্য থেকে নির্ধারিত সংখ্যক মেধাবী ছাত্র/ ছাত্রীকে বৃত্তি প্রদানের জন্য প্রবাসে বৈধভাবে কর্মরত ও প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীগণের মেধাবী সন্তানদের নিকট হতে (কপি সংযুক্ত) দরখাস্ত আহ্বান করা হয়েছে। নির্বাচিত শিক্ষার্থীগণকে এইচএসসি/সমমান ক্যাটাগিরিতে দুই বৎসর এবং ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরতদের চার বৎসর প্রতি বছর ২৭,৫০০/- টাকা হারে (২,০০০×১২=২৪,০০০+৩,৫০০) শিক্ষা বৃত্তি প্রদান করা হবে। উক্ত শিক্ষা বৃত্তি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্তে ব্যাপক প্রচারের লক্ষ্যে সদয় কার্যক্রম গ্রহণের জন্য বিনীত অনুরোধ পূর্বক বিজ্ঞপ্তি ও আবেদন পত্রের নমুনা ফরম এসাথে প্রেরণ করা হলো।

উল্লেখ্য বিজ্ঞপ্তির শর্তানুযায়ী প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র পরিচালক (আইআরপি), ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ৯ম ভলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন পার্ভেন, রমনা, ঢাকায় আগামি ৩০/০৬/২১ খ্রিঃ তারিখের মধ্যে অনলাইনে/ সরাসরি/ ডাকযোগে জমা দিতে হবে।

সংযুক্তঃ ০২ পাতা

প্রাপক


- ০১। উপজেলা নির্বাহী অফিসার, -----, যশোর/ নড়াইল/ মাগুরা।
- ০২। জেলা শিক্ষা অফিসার, যশোর/ নড়াইল/ মাগুরা।
- ০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, -----, যশোর/ নড়াইল/ মাগুরা।
- ০৪। অধ্যক্ষ, সরকারী এম এম কলেজ/ সরকারী সিটি কলেজ/ সরকারী মহিলা কলেজ/ আব্দুর রাজ্জাক কলেজ/ক্যান্টনমেন্ট কলেজ/ আল হেরা ডিগ্রি কলেজ/ উপ শহর মহিলা কলেজ/ উপশহর ডিগ্রি কলেজ, যশোর।
- ০৫। অধ্যক্ষ, নড়াইল ভিক্টোরিয়া কলেজ/ নড়াইল সরকারী মহিলা কলেজ লোহাগড়া সরকারী আদর্শ কলেজ, নড়াইল।
- ০৬। অধ্যক্ষ, মাগুরা সরকারী কলেজ, মাগুরা।


৩০/৫/২১
(মোঃ কামরুজ্জামান)
সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত)
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস
যশোর
ফোন নং-০৪২১/ ৬৬৯১৬

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ০১। জেলা প্রশাসক, যশোর/ নড়াইল/ মাগুরা।

আবেদন ফরম ফটোকপি
দোকানে পাঠিয়ে যাও।



নং-৪৯.০৪.০০০০.০০৫.১০.০০১.২০.(১১)-১৪৪

তারিখ:-২০/০৫/২০২১খ্রিঃ

এসএসসি/সমমান ক্যাটাগরিতে "প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি -২০২০" এর দরখাস্ত আহ্বান

প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০২০ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা (১ম সেমিস্টার / বর্ষে) শ্রেণীতে অধ্যয়নরত মেধাবী শিক্ষার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অনলাইনে এবং সরাসরি দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী:

(১) যে সকল প্রবাসী কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে-

- (ক) বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র/ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের মেম্বারশীপ গ্রহণ করেছেন;
- (খ) মৃত প্রবাসী কর্মীর ক্ষেত্রে মৃতের পরিবার এ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন বা পাবেন।

(২) শিক্ষার্থীর জিপিএ/সিজিপিএ: নিম্নের ছকে বর্ণনা অনুযায়ী জিপিএ/সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থী আবেদন করতে পারবে-

ক্রম	ক্যাটাগরি	বিভাগ	বাংলাদেশের কারিকুলাম অনুযায়ী জিপিএ/সিজিপিএ	
			প্রবাসে কর্মরত কর্মীর সন্তানের ক্ষেত্রে	মৃত প্রবাসী কর্মীর সন্তানের ক্ষেত্রে
১।	এসএসসি/সমমান	বিজ্ঞান বিভাগ	৫.০০	৪.০০
		মানবিক ও বানিজ্য বিভাগ	৪.৭৫	৪.০০

(৩) আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:

- ক) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার সপক্ষে প্রমাণক হিসাবে আনুষঙ্গিক কাগজপত্রাদি, যেমন- পাসপোর্ট, ভিসা এবং বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র/ম্যানপাওয়ার ক্লিয়ারেন্স সম্বলিত পাসপোর্টের পৃষ্ঠা / স্মার্ট কার্ড অথবা বিদেশস্থ বাংলাদেশ মিশনের মাধ্যমে ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের মেম্বারশীপ এর ফটোকপি;(অনলাইনে আবেদনকারীর জন্য প্রযোজ্য নয়)।
- খ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি; (অনলাইনে আবেদনকারীর ক্ষেত্রে প্রযোজ্য নয়)।
- গ) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এসএসসি/সমমান পরীক্ষার মূল নম্বর পত্রের (মার্কশীট) সত্যায়িত ফটোকপি; (অনলাইনে আবেদনকারীর ক্ষেত্রে প্রযোজ্য নয়)।
- ঘ) মৃত প্রবাসী কর্মীর সন্তানদের ক্ষেত্রে বিদেশস্থ বাংলাদেশ মিশন কর্তৃক ইস্যুকৃত NOC (দূতাবাস সনদ)

(৪) বৃত্তির পরিমাণ:

- (ক) এসএসসি/সমমান ক্যাটাগরিতে বৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের একাদশ ও দ্বাদশ শ্রেণি পর্যন্ত ০২(দুই) বছর ও ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরতদের ০৪(চার) বছর মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না;
- (খ) বৃত্তির সাথে বাৎসরিক এককালীন বই ও শিক্ষা উপকরণসহ অন্যান্য আনুষঙ্গিক খরচ বাবদ ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা প্রদান করা হবে;

(৫) আবেদনের প্রক্রিয়া:

- ক) অনলাইনে আবেদনের লিংক: <http://stipen.wewb.gov.bd/stipend>
- খ) সরাসরি আবেদনের জন্য বোর্ডের ওয়েবসাইট www.wewb.gov.bd হতে বিনামূল্যে আবেদন ফরম সংগ্রহ করা যাবে;
- ১. সরাসরি আবেদনকারীর আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ৩০/০৬/২০২১ তারিখের মধ্যে অনলাইনে/ সরাসরি / ডাকযোগে পরিচালক (আইআরপি) ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটান গার্ডেন, রমনা ঢাকা-১০০০ বরাবর পৌছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণ করা হবে না;
- ২. শিক্ষার্থীর মোবাইল নম্বর এবং তার মাতা/পিতার মোবাইল নম্বর অবশ্যই ফরমে উল্লেখ করতে হবে;

(৬) অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তি প্রদান সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

*** যে কোন ভোখের জন্য ২৪/৭ "প্রবাসবন্ধু কলসেন্টার" এর নম্বরসমূহ: ০১৭৮৪৩৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩৩, ০২৯৩৩৪৮৮৮ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

তারিখ: ২০.০৫.২০২১
আরিফ আহমেদ খান
উপ-সচিব
পরিচালক (আইআরপি)

* আবেদন করার ফটোকপি দোকানে পাঠানো যাবে।